গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১

স্মারক নং-৪৭.০৩৭.০২৩.০০.০০.২০৫.২০১৬-২৪২ তারিখঃ ০২-১১-২০১৭ খ্রিঃ।

## সভার বিজ্ঞপ্তি

গত ১৪-০৯-২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্যসমন্বয়ক (এসডিজি) জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে উন্নয়ন মেলা, ২০১৭ আয়োজনের বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহের আলোকে এ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম নির্ধারণের লক্ষ্যে **আগামী ৯ নভেম্বর, ২০১৭ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায়** এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ভারপ্রাপ্ত সচিব **জনাব মাফরুহা সুলতানা**।

| নং | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | মেলার উদ্দেশ্য /লক্ষ অর্জন | ১.১। মূলতঃ 'উন্নয়ন মেলা' মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র সরকারের গৃহীত উন্নয়ন কার্যক্রম জনগণ তথা প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে তুলে ধরতে হবে, যাতে জনগণ সরকারের উন্নয়ন কাজের সাথে সম্পৃক্ত হতে পারে এবং সরকারের মুখপাত্র হিসেবে প্রচারণায় অংশগ্রহণ করতে হবে।<br>১.২। সরকারের ভবিষ্যত কর্মপরিকল্পনা, এমডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার ও এসডিজি কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধ করা।<br>১.৪। শেখ হাসিনা ব্রান্ডিং এর জন্য 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ' সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধি করা। |
| ৪. | আয়োজন/ অংশগ্রহণকারী | ৪.১ জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক আয়োজনে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি এনজিও(দেশী /আন্তর্জাতিক), উন্নয়ন সংস্থা ইত্যাদি মেলায় অংশগ্রহণ করবে। |
| ৫ | মেলা আয়োজনের মূল বিষয়সমূহ | ৫.১ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র উল্লেখযোগ্য ১০টি উদ্যোগ ব্রান্ডিং।<br>৫.৭ নারীর ক্ষমতায়নে সরকারের বিভিন্ন পদক্ষেপ। |
| ৬ | কার্যক্রম/কর্মসূচি | ৬.৬ প্রতিটি সরকারি দপ্তর কর্তৃক নিজ নিজ উন্নয়ন তথ্যচিত্র উপস্থাপন;<br>মেলার স্টলসমূহের মাধ্যমে প্রত্যাশীদের সেবা প্রদান করতে হবে।<br>৬.৭ সহস্রাব্দের লক্ষ্যমাত্রা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা(এসডিজি)<br>অর্জনে গৃহীত কার্যক্রম প্রচার।<br>৬.১২ সকল জেলা/উপজেলার মেলা প্রাঙ্গণে শেখ হাসিনা সরকারের<br>বিভিন্ন উন্নয়ন কার্যক্রমের উপর একই পোস্টার/ব্যানার/ফেস্টুন প্রদর্শন।<br>৬.১৮ প্রকল্পের কাজসমূহ মেলায় প্রদর্শন করতে হবে। |
| ১০ | মেলায় সচিবগণের অংশগ্রহণ | ১০.১ জেলা উন্নয়ন মেলায় একজন সচিব উদ্বোধনী বা সমাপনী দিনে অংশগ্রহণ করতে পারেন। প্রধানমন্ত্রীর কার্যালয় হতে সচিবগণকে জেলা নির্ধারণ করে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হবে। |
| ১১ | শ্রেষ্ঠত্বের জন্য পুরস্কার প্রদান | ১১.১ জেলা, উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ মেলা এবং প্রত্যেক জেলা/উপজেলায় শ্রেষ্ঠ আয়োজনের জন্য পুরস্কারের ব্যবস্থা করা যেতে পারে। পূর্ববর্তী বছরের জন্য ঘোষিত পুরস্কার ইতোমধ্যে আনুষ্ঠানিকভাবে দেয়া না হয়ে থাকলে সেই পুরস্কার প্রদানের ব্যবস্থা নিতে হবে। |
| ১২ | কর্মপরিকল্পনা প্রণয়ন | ১২.১ মন্ত্রণালয়/বিভাগসমূহ আগামী ৬ সপ্তাহের মধ্যে স্ব-স্ব মন্ত্রণালয়ের করণীয় বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়-কে অবহিত করবে। |

০২। সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে যোগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/১১/১৭

(মোঃ আব্দুল কাদের)
সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৫০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. অতিরিক্ত সচিব(প্রশাসন ও বাজেট/ পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৪. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ, তেজগাঁও, ঢাকা।
৬. যুগ্ম সচিব(উন্নয়ন/প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৮. মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা।
৯. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১০. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, হাউজ নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
১২. উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিস্টেম এনালিষ্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(নোটিশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১. উপ-সচিব, নিরাপত্তা অধিশাখা-২, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভায় আগত প্রতিনিধিগণকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব এর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-১, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা**(সভায় উপস্থিত ২৫(পঁচিশ) জন সদস্যদের আপ্যায়নের অনুরোধসহ)**।